## ভূমিকা

**১। উপযোজন হিসাবের আওতা এবং বিষয়বস্তু ঃ** কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কর্তৃক প্রস্তুতকৃত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা সার্ভিসেস এর উপযোজন হিসাব এই সংকলনে সন্নিবেশিত হয়েছে । উপযোজন হিসাব সম্পর্কে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর রিপোর্ট স্বতন্ত্রভাবে প্রকাশিত হয়ে থাকে ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ এবং তদসংগে ১৯৭৪ সনের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইনের ৪ নম্বর ধারা মোতাবেক উপযোজন হিসাব অডিট এবং পেশকরণ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের দায়িত্ব । প্রত্যেক মঞ্জুরীর জন্য পৃথক পৃথক উপযোজন হিসাব প্রণয়নের মাধ্যমে দায়মুক্ত ও অন্যান্য ব্যয়সহ সমুদয় বার্ষিক ব্যয়ের নিরীক্ষিত হিসাব উপস্থাপন করাই এর উদ্দেশ্য । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ এবং তদ্সংগে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন (১৯৭৪)-এর ৪ নম্বর ধারা মোতাবেক কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এই হিসাব নিরীক্ষা এবং প্রত্যয়নসহ সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করে থাকেন ।

**২। অতিরিক্ত বা কম খরচের ব্যাখ্যা ঃ** সংশ্লিষ্ট খাতের নীচে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করা হয়েছে ।

**৩। আনুষঙ্গিক তথ্য ও হিসাব ঃ** যে সকল ক্ষেত্রে ব্যাখ্যামূলক টীকা, আনুষঙ্গিক হিসাব বা বিবরণী উপযোজন হিসাবে অন্তর্ভুক্ত করা বা সংযোজন করা সম্ভব হয়নি, উপযোজন হিসাবের সংশ্লিষ্ট স্থানে তার কারণ বিশ্লেষণ করা হয়েছে।

নিরীক্ষা **প্রত্যয়নপত্র**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ এবং ১৯৭৪ সালের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন-এর ধারা -৪ অনুযায়ী কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, বাংলাদেশ, ঢাকা কর্তৃক ২০১৩-২০১৪ অর্থ-বছরের উপযোজন হিসাব (প্রতিরক্ষা সার্ভিসেস) প্রস্তুত করা হয়েছে । প্রতিরক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক উক্ত হিসাব যাচাই (Verify) করা হয়েছে ।

নিরীক্ষা মন্তব্যসহ প্রত্যয়ন করা হ'ল ।

ঢাকা,
তারিখ...................................বঙ্গাব্দ ।
তারিখ.................................খ্রিস্টাব্দ ।

**(মাসুদ আহমেদ)**
বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

# প্রধান হিসাবদানকারী অফিসার এর প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করছি যে, ২০১৩-২০১৪ অর্থ-বছরের এই উপযোজন হিসাবে অন্তর্ভুক্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ব্যয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে ।

ঢাকা,
তারিখ...................................বঙ্গাব্দ ।
তারিখ..................................খ্রিস্টাব্দ।

**(আখতার হোসেন ভূইয়া)**
ভারপ্রাপ্ত সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়

**সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার**

**এর প্রত্যয়নপত্র**

প্রত্যয়ন করছি যে, ২০১৩-২০১৪ অর্থ বছরে সশস্ত্র বাহিনী বিভাগের এই উপযোজন হিসাবে অন্তর্ভুক্ত সকল ব্যয় সঠিক।

ঢাকা,
তারিখ..................................বঙ্গাব্দ ।
তারিখ.................................খ্রিস্টাব্দ।

**লেঃ জেনারেল মোঃ মাহফুজুর রহমান**
**আরসিডিএস , এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি**
প্রিন্সিপাল স্টাফ অফিসার
সশস্ত্র বাহিনী বিভাগ

**কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর প্রত্যয়নপত্র**

১। ২০১৩-২০১৪ অর্থ-বছরের উপযোজন হিসাবে সিনিয়র অর্থ নিয়ন্ত্রক, অর্থ নিয়ন্ত্রক এবং আঞ্চলিক অর্থ নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক পাসকৃত সকল বিল এবং জারিকৃত সকল অথরিটি-এর মাধ্যমে সম্পাদিত ব্যয় সঠিকভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে ।

২। উদ্বৃত্ত/অতিরিক্ত খরচের বিষয়ে প্রধান হিসাবদানকারী অফিসার-এর নির্দেশে ব্যয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত ব্যাখ্যা প্রত্যেক কোড রেঞ্জের নিম্নে লিপিবদ্ধ করা হয়েছে ।

**(মোঃ মোসলেম উদ্দীন)**
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
প্রতিরক্ষা অর্থ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

ঢাকা,
তারিখ..................................বঙ্গাব্দ ।
তারিখ................................খ্রিস্টাব্দ।

## মহাপরিচালকের মন্তব্য

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃবাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের ২০১৩-২০১৪ সালের উপযোজন হিসাব কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, প্রতিরক্ষা অর্থ বিভাগ কর্তৃক প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত উপযোজন হিসাব নিরীক্ষাকালে নিম্নে বর্ণিত অনিয়মসমূহ পরিলক্ষিত হয় ঃ

- বিভিন্ন খাতে বাজেট বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত খরচ।
- উদ্বৃত্ত অর্থ সমর্পণ না করা।
- উদ্বৃত্ত অর্থ সমর্পণ করার পর মঞ্জুরী অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয় দেখানো/উদ্বৃত্ত দেখানো।
- ভুল কোডে হিসাবভুক্তি।
- বাজেট বরাদ্দবিহীন বিভিন্ন খাতে অর্থ ব্যয়।
- অতিরিক্ত খরচ অতিরিক্ত মঞ্জুরী দ্বারা নিয়মিত না করা ইত্যাদি।

উপযোজন হিসাবের পান্ডুলিপিটি পর্যালোচনা করে এ কার্যালয়ের পর্যবেক্ষণ ভিত্তিক মন্তব্য প্রদান করা হয়েছে। উক্ত মন্তব্যের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে প্রস্তুতকৃত উপযোজন হিসাবের গাণিতিক শুদ্ধতাসহ হিসাবটি সঠিক আছে মর্মে প্রত্যয়ন করা হলো। তবে সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার অংশ হিসাবে বাজেট নিয়ন্ত্রণ এবং নিয়মিত মাসিক ভিত্তিতে হিসাবের সংগতিসাধন/সমন্বয়সাধন নিশ্চিত করা আবশ্যক।

ঢাকা                বঙ্গাব্দ

*তারিখ ঃ* --------------------------

খ্রিস্টাব্দ

**(মোঃ গোলাম মোস্তফা)**

মহাপরিচালক

প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

**প্রতিরক্ষা বিভাগের ২০১৩-২০১৪ অর্থ বছরের উপযোজন হিসাবের উপর**

**প্রতিরক্ষা অডিট অধিদপ্তরের মন্তব্যের সারসংক্ষেপ।**

**ভূমিকা ঃ**

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশনস) অ্যাক্ট, ১৯৭৪ এর বিধি-৪ মোতাবেক বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল সরকারি হিসাবরক্ষণের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিবর্গ কর্তৃক রক্ষিত হিসাব হতে অর্থ প্রদান বা ক্ষেত্রমত স্ব-স্ব খাতে পৃথকভাবে প্রদর্শিত সরকারের বার্ষিক প্রাপ্তি ও প্রদান দেখিয়ে বার্ষিক উপযোজন হিসাব ও আর্থিক হিসাব প্রণয়ন করে থাকেন। এ প্রেক্ষিতে, কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স কর্তৃক রক্ষিত প্রতিরক্ষা বিভাগের উপযোজন হিসাব কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় কর্তৃক মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশের বাধ্যবাধকতা রয়েছে।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর পক্ষে প্রতিরক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক প্রতিরক্ষা হিসাবের ২০১৩-২০১৪ অর্থ বছরের উপযোজন হিসাবের যাচাই/নিরীক্ষা করা হয়েছে।

কর্মপরিকল্পনা অনুযায়ী বাজেট চাহিদা, মঞ্জুরী, উপযোজন, পুন:উপযোজন, হিসাবভুক্তিকরণ, হিসাব সমন্বয়সহ হিসাব সংরক্ষণ, উপস্থাপন, সাধারণ ও আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন দিক নিয়ে পর্যালোচনা করা হয়।

উপযোজন হিসাব পর্যালোচনায় কর্মসম্পাদন পর্যায় (Operational Level) এবং ব্যবস্থাপনা পর্যায় (Management Level )-এ দুটো ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য পাওয়া যায়।

**(ক) হিসাব সংক্রান্ত কর্মসম্পাদন পর্যায়ের তথ্য ঃ**

২০১৩-২০১৪ অর্থ বছরের প্রতিরক্ষা সার্ভিসেস এবং সশস্ত্র বাহিনী বিভাগ এর চূড়ান্ত মঞ্জুরী ১৪৮১২,৩৭,৮৫,৫৮৬ টাকা, প্রকৃত খরচ ১৫১৬৬,৪৯,২০,০২৮ টাকা। অতিরিক্ত খরচ ৩৫৪,১১,৩৪,৪৪২ টাকা।

**পর্যবেক্ষণ-১ চূড়ান্ত মঞ্জুরী অপেক্ষা অতিরিক্ত খরচ ঃ**

নিম্ন লিখিত প্রতিষ্ঠান কর্তৃক চূড়ান্ত মঞ্জুরী অপেক্ষা খাত ভিত্তিক অতিরিক্ত খরচ করা হয়েছে ঃ

১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ঃ টাকা

| খাত | চূড়ান্ত মঞ্জুরী | প্রকৃত খরচ | **অতিরিক্ত খরচ** |
|---|---|---|---|
| ৭৪০০ ঋণ ও অগ্রিম | ৬,৯৫,০০০ | ৭,৫৫,০০০ | **৬০,০০০** |
| **১৯৩১ (০১০০) বাংলাদেশ সেনাবাহিনী** | | | |
| ৪৬০০ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ১৩৫০,০০,০০,০০০ | ১৩৭৪, ২৫,৮৩,২২২ | **২৪২৫,৮৩,২২২** |
| **১৯৩৫ (০০২০) প্রতিরক্ষা ক্রয় অধিদপ্তর** | | | |
| ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় | ৯১,১৩,৫৫৩ | ৯৩,০৪,০৩৪ | ১,৯০,৪৮১ |

১৯৩৫ (০০৫০) ডিজি এম এস

| | | | |
|---|---|---|---|
| ৪৬০০ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ২,৮০,০০,০০০ | ৩,৫১,৭৬,৩০৪ | **৭১,৭৬,৩০৪** |

১৯৩৫ (০০৫০) ডিজি এম এস

| | | | |
|---|---|---|---|
| ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় | ২,৯৯,৩২,২৩০ | ৩,০৪,৮৪,৮১৬ | ৫,৫২,৫৮৬ |

১৯৩৫ (০০৯০) প্রতিরক্ষা এ্যাটাচী

| | | | |
|---|---|---|---|
| ৪৫০০-অফিসারদে বেতন | ১,০২,৯৬,২২৮ | ১,০৬,১২,৭৫৯ | **৩,১৬,৫৩১** |

১৯৩৫ (০১০০) স্টাফ কলেজ

| | | | |
|---|---|---|---|
| ৪৬০০ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ১,১০,৫০,০০০ | ১,১২,১১,০৯৪ | **১,৬১,০৯৪** |

১৯৩৫ (০১০৩) ন্যাশনাল ডিফেন্স কলেজ

| | | | |
|---|---|---|---|
| ৪৭০০ ভাতাদি | ৫৮,৮৩,৭০২ | ৬১,৮১,৭১৭ | **২,৯৮,০১৫** |

১৯৪৫ (০০০০) অন্যান্য প্রতিরক্ষা কার্যক্রম

| | | | |
|---|---|---|---|
| ৪৮০০-সরবরাহ ও সেবা | ২,১৩,১০,০০০ | ২,৩০,৭৫,৬৭৭ | ১৭,৬৫,৬৭৭ |

১৯৪৫ (০০০০) অন্যান্য প্রতিরক্ষা কার্যক্রম

| | | | |
|---|---|---|---|
| ৬৩০০-অবসর ভাতা ও আনুতোষিক | ১৬৬৯,৪২,৩১,০৫৯ | ১৭১১,৭৭,৩৮,৪৬১ | ৪২,৩৫,০৭,৪০২ |

**নিরীক্ষা মন্তব্য ঃ**

বাজেট মঞ্জুরীর অতিরিক্ত খরচ বাজেট নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা প্রকাশ করে। মঞ্জুরীবিহীন ব্যয় বিধিসম্মত নয়। অতিরিক্ত খরচ মঞ্জুরী দ্বারা নিয়মিত করা প্রয়োজন ।

**পর্যবেক্ষণঃ-২ উদ্বৃত্ত অর্থ সমর্পণ না করা ঃ**

২০১৩-২০১৪ অর্থ বছরে নিম্ন বর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আর্থিক সালের মধ্যে অব্যয়িত অর্থ সমর্পণ করা হয়নি।

**২.১ ১৯৩১ (০১০০) বাংলাদেশ সেনাবাহিনী**

৫৯০০-সাহায্য ও মঞ্জুরী খাতে অব্যয়িত ৬,৩৪,৮৯৫/- টাকা সমর্পণ করা হয়নি।

**২.২ ১৯৩৩ (০০০১) বাংলাদেশ নৌবাহিনী**

৪৬০০ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন খাতে অব্যয়িত ৬,৩৩,৫৮,১৮৭/- টাকা সমর্পণ করা হয়নি।

৪৭০০ ভাতাদি খাতে অব্যয়িত ৫,৭৯,২৭,৯৬৭/- টাকা সমর্পণ করা হয়নি।

৪৯০০ - মেরামত ও সংরক্ষণ খাতে অব্যয়িত ২,৪৬,০২,০১৮/- টাকা সমর্পণ করা হয়নি।

**২.৩ ১৯৩৫ (০০৪০) প্রধান প্রশাসনিক কর্মকর্তা**

৪৮০০-সরবরাহ ও সেবা খাতে অব্যয়িত ৮১,৬০০/- টাকা সমর্পণ করা হয়নি।

**২.৪ ১৯৩৫ (০০৯০) প্রতিরক্ষা এ্যাটাচী**

৪৮০০-সরবরাহ ও সেবা খাতে অব্যয়িত ৩৯,৯৫,৬৯৮/- টাকা সমর্পণ করা হয়নি।

**২.৫ ২০০১ (০০০০) সশস্ত্র বাহিনী বিভাগ**

৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় খাতে অব্যয়িত ২৫,৪০,২১৬/- টাকা সমর্পণ করা হয়নি।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

উদ্বৃত্ত অর্থ সমর্পণ না করলে বিপুল অর্থ অব্যবহৃত থেকে যায় যার opprotunity cost বা সুযোগ ব্যয় অত্যাধিক। কেননা যথাসময়ে এ অর্থ সমর্পণ করা গেলে সরকারি গুরুত্বপূর্ণ নীতি বাস্তবায়নে সমর্পিত অর্থ অন্যান্য গুরুত্বপূর্ণ খাতে ব্যয় করা সম্ভব হত। এটি আর্থিক ব্যবস্থাপনার দুর্বলতা প্রকাশ করে। আর্থিক শৃঙ্খলা রক্ষার্থে উদ্বৃত্ত অর্থ যথাসময়ে সমর্পণ করা বাঞ্ছনীয়।

**পর্যবেক্ষণঃ-৩ অর্থ সমর্পণ করেও অতিরিক্ত খরচ/উদ্বৃত্ত ঃ**

নিম্নলিখিত প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন খাতে অর্থ সমর্পণ করার পর চূড়ান্ত মঞ্জুরী অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয়/উদ্বৃত্ত দেখানো হয়েছে।

| প্রতিষ্ঠানের নাম ও কোড | ব্যয়ের খাত | সমর্পণকৃত অর্থের পরিমান | **চূড়ান্ত মঞ্জুরীর তুলনায় অতিরিক্ত ব্যয়/উদ্বৃত্ত()** |
|---|---|---|---|
| ১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স | ৪৫০০-অফিসারদের বেতন | ২৭,৬৯,৮৪৭ | **১,৪০,৪৪৮** |
| ১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স | ৪৬০০-প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ৭৫,৭২,২২৯ | **(২,৬০,১৭৭)** |
| ১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স | ৪৭০০-ভাতাদি | ৪৩,৭৬,১৭৯ | **(৩,৯৫,১৬২)** |
| ১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স | ৪৮০০-সরবরাহ ও সেবা | ৯,২৩,০৬৯ | **(৭২,৩৬২)** |
| ১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স | ৪৯০০-মেরামত ও সংরক্ষণ | ১,৮০,৩৭৬ | **(৩,৪৬০)** |

| প্রতিষ্ঠানের নাম ও কোড | ব্যয়ের খাত | সমর্পণকৃত অর্থের পরিমান | **চূড়ান্ত মঞ্জুরীর তুলনায় অতিরিক্ত ব্যয়/উদ্বৃত্ত()** |
|---|---|---|---|
| ১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ১২,০৮,৩৬৭ | **৮৮,০৮০** |
| ১৯০৭ (০০০১) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স | ৭৪০০-সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের ঋণ ও অগ্রিম | ৫৩,০৫,০০০ | **৬০,০০০** |
| ১৯৩১(০১০০)-বাংলাদেশ সেনাবাহিনী | ৪৮০০-সরবরাহ ও সেবা | ৭০,৭৩,২১৩ | **(২,০৭,৭৭,৭২২)** |
| ১৯৩১(০১০০)-বাংলাদেশ সেনাবাহিনী | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ১০,০০,০০,০৫৪ | **১৩,৪৭,৮২,৩৬৮** |
| ১৯৩১ (০১২০)-পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী-সেনা। | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ২,১৩,৯৭৮ | **(৪৩,৬৩৫)** |
| ১৯৩৩ (০০০১) বাংলাদেশ নৌবাহিনী | ৪৭০০-ভাতাদি | ২,৭৭,৪৫৪ | **(৫,৭৯,২৭,৯৬৭)** |
| ১৯৩৩ (০০০১) বাংলাদেশ নৌবাহিনী | ৪৮০০-সরবরাহ ও সেবা | ২,৪২,৪৭,৭৩৭ | **(৪,৮০,৯৩,৯১৯)** |
| ১৯৩৩ (০০০১) বাংলাদেশ নৌবাহিনী | ৪৯০০-মেরামত ও সংরক্ষণ | ১,২৭,৮২,৪৯৮ | **(২,৪৬,০২,০১৮)** |
| ১৯৩৩ (০০০১) বাংলাদেশ নৌবাহিনী | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ৮৮৯ | **৮,৬৯,৩৪,০৩৬** |
| ১৯৩৪ (০০০১) বাংলাদেশ বিমান বাহিনী | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ১৫,৩৯,০০০ | **১,৪২,১৭,৭৮১** |
| ১৯৩৪ (০১০০)-পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী-বিমান। | ৭০০০-নির্মাণ ও পূর্ত | ৩,৯৩৯ | **৪,১৮,০০০** |
| ১৯৩৫(০০১০)-প্রতিরক্ষা গোয়েন্দা অধিদপ্তর | ৪৮০০-সরবরাহ ও সেবা | ৯১,৬৭০ | **(১৪,৭৫,২১৪)** |
| ১৯৩৫(০০১০)-প্রতিরক্ষা গোয়েন্দা অধিদপ্তর | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ৬,৩৫০ | **১০,২৯,৫৮১** |
| ১৯৩৫(০০২০) প্রতিরক্ষা ক্রয় অধিদপ্তর | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ১,৩৬,৪৪৭ | **১,৯০,৪৮১** |
| ১৯৩৫(০০৪০)-প্রধান প্রশাসনিক কর্মকর্তা | ৪৭০০-ভাতাদি | ৫,২১,২৬৩ | **২,১৬৬** |
| ১৯৩৫(০০৪০)-প্রধান প্রশাসনিক কর্মকর্তা | ৪৮০০-সরবরাহ ও সেবা | ৩৭,০১৭ | **(৮১,৬০০)** |
| ১৯৩৫(০০৫০)-ডিজিএমএস | ৪৭০০-ভাতাদি | ১৬,৩৪,৯৯৭ | **২,২৩,০৩০** |
| ১৯৩৫(০০৫০)-ডিজিএমএস | ৪৮০০-সরবরাহ ও সেবা | ২২,৭০,৯১৪ | **(২৭,০৬,৩৯৬)** |
| ১৯৩৫(০০৫০)-ডিজিএমএস | ৪৯০০-মেরামত ও সংরক্ষণ | ৭,৩৫২ | **৩০,০০,০০০** |
| প্রতিষ্ঠানের নাম ও কোড | ব্যয়ের খাত | সমর্পণকৃত অর্থের পরিমান | **চূড়ান্ত মঞ্জুরীর তুলনায় অতিরিক্ত ব্যয়/উদ্বৃত্ত()** |
| ১৯৩৫(০০৫০)-ডিজিএমএস | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ২,৭৭০ | **৫,৫২,৫৮৬** |

| | | | |
|---|---|---|---|
| ১৯৩৫(০০৫৫)-এমআইএসটি | ৪৭০০-ভাতাদি | ২,৫২,০০৪ | **১১,৩৬৩** |
| ১৯৩৫(০০৬০)-আইএসএসবি | ৪৬০০-প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ৮০,৭১৭ | **(৩,৭১,৭৩০)** |
| ১৯৩৫(০০৬০)-আইএসএসবি | ৪৮০০-সরবরাহ ও সেবা | ১,৫১২ | **৯৯,৮০০** |
| ১৯৩৫(০০৭০)-সাভূসে | ৪৭০০-ভাতাদি | ২০,৯৬,০০০ | **(৯,২০,৮৩২)** |
| ১৯৩৫(০০৭০)-সাভূসে | ৪৮০০-সরবরাহ ও সেবা | ২৪,৫১,৫০৬ | **(২,৫০,০০০)** |
| ১৯৩৫(০০৭০)-সাভূসে | ৪৯০০-মেরামত ও সংরক্ষণ | ৬৪,২০৮ | **৪,৮০,০০,০০০** |
| ১৯৩৫(০০৮০)-প্রধান প্রকৌশলী | ৪৮০০-সরবরাহ ও সেবা | ১২০ | **৩,০০,৫৯৯** |
| ১৯৩৫ (০০৯০) প্রতিরক্ষা এ্যাটাচী | ৪৫০০-অফিসারদের বেতন | ৩,৮১,৭৭২ | **৩,১৬,৫৩১** |
| ১৯৩৫ (০০৯০) প্রতিরক্ষা এ্যাটাচী | ৪৮০০-সরবরাহ ও সেবা | ৬৬,৯৪,৬২৩ | **(৩৯,৯৫,৬৯৮)** |
| ১৯৩৫ (০০৯০) প্রতিরক্ষা এ্যাটাচী | ৪৯০০-মেরামত ও সংরক্ষণ | ৬,৬৯,৯৫২ | **(২৪,০৮৯)** |
| ১৯৩৫ (০০৯০) প্রতিরক্ষা এ্যাটাচী | ৬৮০০-সম্পদ সংগ্রহ ও ক্রয় | ৭৭,৭৭৪০ | **৪৪,১৯৪** |
| ১৯৩৫-(০১০০)-স্টাফ কলেজ | ৪৭০০-ভাতাদি | ২,২৭,১০৩ | **৬৭,৮৮২** |
| ১৯৩৫-(০১০০)-স্টাফ কলেজ | ৪৮০০-সরবরাহ ও সেবা | ১,৮৮,৪৭৬ | **৬,০৭,৫১৯** |
| ১৯৩৫-(০১০৩)-ন্যাশনাল ডিফেন্স কলেজ | ৪৭০০-ভাতাদি | ১,১৫,২৯৮ | **২,৯৮,০১৫** |
| ১৯৩৫-(০১০৩)-ন্যাশনাল ডিফেন্স কলেজ | ৪৮০০-সরবরাহ ও সেবা | ২৩,৮১৭ | **(৬,৯৯২)** |
| ১৯৩৫(০১১০)-বাংলাদেশ সমরাস্ত্র কারখানা | ৪৮০০-সরবরাহ ও সেবা | ৩০,৫০০ | **(৭,৮৯,৬৩৮)** |
| ১৯৩৫(০১২০) সশস্ত্র বাহিনী বোর্ড | ৪৮০০-সরবরাহ ও সেবা | ১,৭০,৭৪১ | **(৪,৭৫,০০০)** |
| ১৯৩৫(০১২০) সশস্ত্র বাহিনী বোর্ড | ৪৯০০-মেরামত ও সংরক্ষণ | ৬৫,৪৪৮ | **২৮,৩৩৫** |
| ১৯৩৫(০১২০) সশস্ত্র বাহিনী বোর্ড | ৭০০০-নির্মাণ ও পূর্ত | ১৭৩ | **(৯৮,৮৯১)** |
| ১৯৩৫(০১৩০)-এমওডিসি | ৪৭০০-ভাতাদি | ৩৯,২৬,৩৮৯ | **(৯১,৯১৩)** |
| ১৯৩৫(০১৩০)-এমওডিসি | ৪৮০০-সরবরাহ ও সেবা | ২,৩২,৩১৫ | **(৩,০১,০৩৪)** |
| ১৯৪৫-(০০০০)-অন্যান্য প্রতিরক্ষা কার্যক্রম | ৬৩০০-অবসর ভাতা ও আনুতোষিক | ৭,৭২,৫৩,৯৪১ | **৪২,৩৫,০৭,৪০২** |

**নিরীক্ষা মন্তব্য ঃ**

অর্থ সমর্পণ করার পর সংশ্লিষ্ট খাতে অতিরিক্ত ব্যয়/ উদ্বৃত্ত বাজেট ব্যবস্থাপনা, ব্যয় নিয়ন্ত্রণ ও মনিটরিং এবং হিসাবের সংগতিসাধনের দুর্বলতা প্রকাশ করে। এ সকল ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

**পর্যবেক্ষণ-৪**

বরাদ্দ ব্যতীত ৫৩০০-ভবিষ্য তহবিল খাতে সুদ প্রদান ঃ

| প্রতিষ্ঠানের নাম ও কোড | চূড়ান্ত মঞ্জুরী | প্রকৃত খরচ | **অতিরিক্ত খরচ** |
|---|---|---|---|
| ১৯৩১ (০১২০)-পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী-সেনা। | - | ৬,০৬,৪০,৬২৬ | ৬,০৬,৪০,৬২৬ |
| ১৯৩৩ (০০০১)-বাংলাদেশ নৌ বাহিনী। | - | ৩২,৩৯,৮৮,০৩৮ | ৩২,৩৯,৮৮,০৩৮ |
| ১৯৩৩ (০১০০)- পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী-নৌ । | - | ৮৩,০৬,১১৯ | ৮৩,০৬,১১৯ |
| ১৯৩৪ (০১০০)- পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী-বিমান । | - | ১,২৩,৮৭,৫৫১ | ১,২৩,৮৭,৫৫১ |
| ১৯৩৫ (০০১০)- প্রতিরক্ষা গোয়েন্দা অধিদপ্তর । | - | ১,৪৬,৫৬,৩২২ | ১,৪৬,৫৬,৩২২ |
| ১৯৩৫ (০০২০)- প্রতিরক্ষা ক্রয় অধিদপ্তর । | - | ১৭,৮৫,৪৫০ | ১৭৮৫,৪৫০ |
| ১৯৩৫ (০০৩০)- আন্তঃবাহিনী গণসংযোগ (আই এস পি আর) । | - | ৬,৯৪,৩২০ | ৬,৯৪,৩২০ |
| ১৯৩৫ (০০৪০)- প্রধান প্রশাসনিক কর্মকর্তা । | - | ৬,০০,২৪৩ | ৬,০০,২৪৩ |
| ১৯৩৫ (০০৫০)- ডি জি এম এস । | - | ৭৪,৭০,১৫৭ | ৭৪,৭০,১৫৭ |
| ১৯৩৫ (০০৫৩)- আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ। | - | ৭,৫০,৫১০ | ৭,৫০,৫১০ |
| ১৯৩৫ (০০৫৫)- এম আই এস টি। | - | ৮,০০,৮৬৩ | ৮,০০,৮৬৩ |
| ১৯৩৫ (০০৬০)- আন্তঃ বাহিনী মনোনয়ন পর্ষদ। | - | ৯,১১,১২১ | ৯,১১,১২১ |
| ১৯৩৫ (০০৭০)- সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর। | - | ৪৩,২৭,৪৮৮ | ৪৩,২৭,৪৮৮ |
| ১৯৩৫ (০১০০)- স্টাফ কলেজ। | - | ৪,৯০,৪৮৮ | ৪,৯০,৪৮৮ |
| ১৯৩৫ (০১০৩)- ন্যাশনাল ডিফেন্স কলেজ। | - | ৭,৭২,২৪৬ | ৭,৭২,২৪৬ |
| ১৯৩৫ (০১১০)- বাংলাদেশ সমরাস্ত্র কারখানা। | - | ৩,৭১,৯৪,৮০১ | ৩,৭১,৯৪,৮০১ |
| ১৯৩৫ (০১২০)- সশস্ত্র বাহিনী বোর্ড। | - | ৪৫,৮২,৫৭৯ | ৪৫,৮২,৫৭৯ |
| ১৯৩৫ (০১৩০)- এম ও ডি সি। | - | ১,২৬,৬০,৯১৫ | ১,২৬,৬০,৯১৫ |
| ২০০১(০০০০) সশস্ত্র বাহিনী বিভাগ। | - | ৫৩,৫১,৫৩৮ | ৫৩,৫১,৫৩৮ |

ভবিষ্য তহবিলের সুদ প্রদানের জন্য কোন বরাদ্দ রাখা হয়নি এবং "অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাজেট নিয়ন্ত্রণ করা হয়" মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ব্যাখ্যা প্রদান করা হয়েছে। ফলে উপযোজন হিসাবে বিভিন্ন প্রতিষ্ঠানের বিপরীতে অতিরিক্ত ব্যয় প্রদর্শিত হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃ বাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিলের সুদ বাবদ প্রকৃত চাহিদা নিরুপণ পূর্বক প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রাপ্তির জন্য অর্থ বছরের শুরু থেকে যথাযথ কার্যক্রম গ্রহণ করা আবশ্যক।

**পর্যবেক্ষণ-৫**

বাজেট বরাদ্দ ব্যতীত ৭৪০০ ঋণ ও অগ্রিম খাতে নিম্নে বর্ণিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণকে অর্থ প্রদান ঃ

| প্রতিষ্ঠানের নাম ও কোড | চূড়ান্ত মঞ্জুরী | প্রকৃত খরচ | **অতিরিক্ত খরচ** |
|---|---|---|---|
| ১৯৩১(০১০০) বাংলাদেশ সেনাবাহিনী | - | ৬,২৩,৬৫,০০০ | ৬,২৩,৬৫,০০০ |
| ১৯৩১(০১২০) পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী | - | ৪,৩০,৪৫০ | ৪,৩০,৪৫০ |
| ১৯৩৩(০০০১) বাংলাদেশ নৌ বাহিনী | - | ১,৫০,৯০,৪০০ | ১,৫০,৯০,৪০০ |
| ১৯৩৪(০১০০) পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী বিমান | - | ৭২,০০০ | ৭২,০০০ |
| ১৯৩৫(০০১০) প্রতিরক্ষা ও গোয়েন্দা অধিদপ্তর | - | ১৩,৪৩,০০০ | ১৩,৪৩,০০০ |
| ১৯৩৫(০০২০) প্রতিরক্ষা ক্রয় অধিদপ্তর | - | ২,৪০,০০০ | ২,৪০,০০০ |
| ১৯৩৫(০০৪০) প্রধান প্রশাসনিক কর্মকর্তা | - | ১,২০,০০০ | ১,২০,০০০ |
| ১৯৩৫(০০৫০) ডি জি এম এস | - | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ |
| ১৯৩৫(০০৫৫) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি। | - | ১৮,৬৩,০০০ | ১৮,৬৩,০০০ |
| ১৯৩৫(০০৭০) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর | - | ১,২০,০০০ | ১,২০,০০০ |
| ১৯৩৫ (০১০৩) ন্যাশনাল ডিফেন্স কলেজ | - | ৩,২০,০০০ | ৩,২০,০০০ |
| ১৯৩৫ (০১৩০) এমওডিসি | - | ১৪,২০,০০০ | ১৪,২০,০০০ |

বাজেট বরাদ্দবিহীন ঋণ ও অগ্রিম বাবদ উপর্যুক্ত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে অর্থ প্রদান করা হয়েছে এবং সচিবালয়ের বিপরীতে বরাদ্দ থাকায় চূড়ান্ত মঞ্জুরী প্রদর্শন করা সম্ভব হয়নি মর্মে ব্যাখ্যা প্রদান করা হয়। বাজেট বরাদ্দবিহীন ব্যয়ের জন্য উপযোজন হিসাবে অতিরিক্ত খরচ প্রদর্শিত হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃ বাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ঋণ ও অগ্রিম খাতে প্রকৃত চাহিদা নিরুপণ পূর্বক প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রাপ্তির জন্য অর্থ বছরের শুরু থেকে যথাযথ কার্যক্রম গ্রহণ করা আবশ্যক।

**পর্যবেক্ষণঃ-৬ ভুল হিসাবভুক্তি (Miscoding) ঃ**

| প্রতিষ্ঠানের নাম, কোড ও হিসাবের খাত | চূড়ান্ত মঞ্জুরী | প্রকৃত খরচ | **উদ্বৃত্ত ()/ অতিরিক্ত খরচ** | **প্রদত্ত ব্যাখ্যা** |
|---|---|---|---|---|
| **১৯৩১ (০১১০)**-সামরিক দুগ্ধ খামার<br><br>৪৮০০-সরবরাহ ও সেবা | - | ২,৩৪,৯০০ | ২,৩৪,৯০০ | এসএফসি (ডিপি) কর্তৃক ভুলবশতঃ সেনাবাহিনী ৪৮৬৪ (মৎস্য ও পশুর খাদ্য) খাতের খরচকৃত ২,৩৪,৯০০ টাকা এ প্রতিষ্ঠানের ৪৮৬৪ খাতে হিসাবভুক্ত হওয়ায় উক্ত অর্থ অতিরিক্ত খরচ হয়েছে। |
| **১৯৩৩ (০০০১)**-বাংলাদেশ নৌবাহিনী<br><br>৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় | ৮৩৬,৯২,২০,১১১ | ৮৪৫,৬১,৫৪,১৪৭ | ৮৬৯,৩৪,০৩৬ | ভুলবশত ঃ নৌবাহিনীর ৩/১৯৩৩/ ০০০১/ ৬৮০৭ খাতে = ৬,০৮,৮০,৯৬০ টাকা সমন্বয়ের ফলে বাজেট অতিরিক্ত খরচ হয়েছে |
| **১৯৩৩ (০১০০)**-পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলি-নৌ<br><br>৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় | ৬১,৩৩,৮৯৭ | ২৬,৯৮,৫৯০ | (৩৪,৩৫,৩০৭) | এসএফসি (ডিপি) কর্তৃক যানবাহন ক্রয় বাবদ ব্যয়কৃত = ৩৪,৩৫,৩০৭ টাকা হিসাবভুক্ত না করায় এ খাতে উক্ত অর্থ উদ্বৃত্ত রয়েছে। |
| **১৯৩৪ (০০০১)**-বাংলাদেশ বিমান বাহিনী<br><br>৪৯০০ - মেরামত ও সংরক্ষণ | ৫১৪,৫৮,৫০,০০০ | ৫২০,৯৪,৩৮,২৮৯ | ৬,৩৫,৮৮,২৮৯ | ডলারের বিনিময় হারের পার্থক্য হওয়ায় এবং ২০১২-২০১৩ অর্থ বছরের এল,সি কমিশন এর অর্থ ২০১৩-২০১৪ অর্থ বছরের খরচে অন্তর্ভুক্ত করার কারণে উক্ত কোড রেঞ্জে ৬,৩৫,৮৮,২৮৯ টাকা অতিরিক্ত খরচ হয়েছে। |
| **১৯৩৫ (০০৬০)**-আন্তঃবাহিনী মনোনয়ন পর্ষদ (আই এস এস বি)<br><br>৪৫০০-অফিসারদের বেতন | - | ৩,৭১,৭৩০ | ৩,৭১,৭৩০ | ভুলবশতঃ ৪৬০০ খাতের ৩,৭১,৭৩০ টাকা ৪৫০০ খাতে হিসাবভুক্ত করায় অত্র খাতে উক্ত অর্থ অতিরিক্ত খরচ হয়েছে। |
| প্রতিষ্ঠানের নাম, কোড ও হিসাবের খাত | চূড়ান্ত মঞ্জুরী | প্রকৃত খরচ | **উদ্বৃত্ত ()/ অতিরিক্ত খরচ** | **প্রদত্ত ব্যাখ্যা** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯৩৫ (০০৬০)-আন্তঃবাহিনী মনোনয়ন পর্ষদ (আই এস এস বি)<br>৪৬০০- প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ৪৪,৪৯,২৮৩ | ৪০,৭৭,৫৫৩ | (৩,৭১,৭৩০) | ভুলবশতঃ ৪৬০০ খাতের ৩,৭১,৭৩০ টাকা ৪৫০০ খাতে হিসাবভুক্ত করায় অত্র খাতে উক্ত অর্থ উদ্বৃত্ত রয়েছে। |
| ১৯৩৫ (০০৬০)-আন্তঃবাহিনী মনোনয়ন পর্ষদ (আই এস এস বি)<br>৪৮০০-সরবরাহ ও সেবা | ৮৮,৪০,৫৩৯ | ৮৯,৪০,৩৩৯ | ৯৯,৮০০ | বাংলাদেশ বিমানবাহিনীর ৪৮৪০(প্রশিক্ষণ ব্যয়) খাত হতে আই এস এস বির ৪৮৪০ খাতে পুনঃ উপযোজনকৃত ১,০০,০০০ টাকা সংশোধিত বাজেটে প্রতিফলিত না হওয়ায় এই খাতে উক্ত অর্থ অতিরিক্ত খরচ হয়েছে। |
| ১৯৩৫ (০০৭০)-সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর<br>৫৯০০-সাহায্য ও মঞ্জুরী | ৬২,৯৮,০০,০০০ | ৫৮,১৮,০০,০০০ | (৪,৮০,০০,০০০) | ৫৯০১ কোডের টাকা ভুলবশতঃ ৪৯০১ (মোটর যানবাহন) কোডে হিসাবভুক্ত করায় এই খাতে ৪,৮০,০০,০০০ টাকা উদ্বৃত্ত রয়েছে। |
| ১৯৩৫ (০০৭০)-সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর<br>৪৯০০-মেরামত ও সংরক্ষণ | ৮,২৯,৭৯২ | ৪,৮৮,২৯,৭৯২ | ৪,৮০,০০,০০০ | ৫৯০১ কোডের টাকা ভুলবশতঃ ৪৯০১ (মোটর যানবাহন) কোডে হিসাবভুক্ত করায় এই খাতে ৪,৮০,০০,০০০ টাকা অতিরিক্ত খরচ হয়েছে। |
| ১৯৩৫ (০১০০)-স্টাফ কলেজ<br>৪৮০০-সবরাহ ও সেবা | ৪,৯৩,৭১,৫২৪ | ৪,৯৯,৭৯,০৪৩ | ৬,০৭,৫১৯ | যথাযথ খাতে অর্থ হিসাবভুক্ত না করায় এ খাতে ৬,০৭,৫১৯ টাকা অতিরিক্ত খরচ হয়েছে। |
| ১৯৩৫ (০১১০)-বাংলাদেশ সমরাস্ত্র কারখানা<br>৪৮০০-সরবরাহ ও সেবা | ১১২,৪৭,১৯,৫০০ | সিজিডিএফ<br>১১২,৩৯,২৯,৮৬২<br>বিওএফ-<br>১১২,৪৫,৯৬,৭৭০ | সিজিডিএফ<br>(৭,৮৯,৬৩৮)<br>বিওএফ-<br>(১,২২,৭৩০) | সিজিডিএফ এবং বিওএফ, গাজীপুর কার্যালয়ের প্রকৃত খরচের হিসাবে (১১২,৪৫,৯৬,৭৭০-১১২,৩৯,২৯,৮৬২)= ৬,৬৬,৯০৮/- টাকা পার্থক্য পরিলক্ষিত হয়। এতে প্রতীয়মান হয় যে, এফসি (বিবিধ) কর্তৃক উক্ত খরচ হিসাবভুক্ত না করায় উপযোজন হিসাবে প্রতিফলিত হয়নি। |
| প্রতিষ্ঠানের নাম, কোড ও হিসাবের খাত | চূড়ান্ত মঞ্জুরী | প্রকৃত খরচ | **উদ্বৃত্ত ()/ অতিরিক্ত খরচ** | **প্রদত্ত ব্যাখ্যা** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯৩৫ (০১২০)-সশস্ত্র বাহিনী বোর্ড<br><br>৪৮০০-সরবরাহ ও সেবা | ৯২,০০,২৫৯ | ৮৭,২৫,২৫৯ | (৪,৭৫,০০০) | বিএএসবির ৪৮২৮ (স্টেশনারি,সিল ও স্ট্যাম্প) খাত হতে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অনুকূলে ন্যস্তকৃত =১,৭৫,০০০/- টাকা এফসি(বিবিধ) কর্তৃক হিসাবভুক্ত না করায় এবং বিএএসবির ৪৮২৩ (পেট্রোল ও লুব্রিক্যান্ট)খাত হতে সেনাবাহিনীর ৪৮২৩ খাতে ন্যস্তকৃত =৩,০০,০০০/- টাকা এসএফসি (ডিপি) কর্তৃক বিএএসবির বিপরীতে বুকিং না করায় এ খাতে ৪,৭৫,০০০/- টাকা উদ্বৃত্ত রয়েছে। |
| ১৯৩৫ (০১২০)-সশস্ত্র বাহিনী বোর্ড<br><br>৪৯০০ - মেরামত ও সংরক্ষণ | ২৭,৪৯,৫৫২ | ২৭,৭৭,৮৮৭ | ২৮,৩৩৫ | এফ সি (বিবিধ) কর্তৃক ৪৯১১ (কম্পিউটার ও অফিস সরঞ্জাম) খাতে খরচকৃত =৫,৯৯,৮১২/- টাকার স্থলে =৬,২০,১৪৭/- টাকা হিসাবভুক্ত করায় বাজেট = ২৮,৩৩৫/- টাকা অতিরিক্ত খরচ হয়েছে। |
| ১৯৩৫ (০১২০)-সশস্ত্র বাহিনী বোর্ড<br><br>৭০০০-নির্মাণ ও পূর্ত | ১,৯৯,৮২৭ | ১,০০,৯৩৬ | (৯৮,৮৯১) | এফ সি (বিবিধ) কর্তৃক ৭০৮১ (অন্যান্য) খাত হতে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর পূর্তভবন, সেগুনবাগিচা,ঢাকা এর অনুকূলে ন্যস্তকৃত = ৯৮,৮৯১ টাকা হিসাবভুক্ত না করায় বাজেটে উক্ত অর্থ উদ্বৃত্ত রয়েছে। |

<u>নিরীক্ষা মন্তব্য</u> ঃ

প্রচলিত বিধি বিধান অনুযায়ী নিয়মিত হিসাবের সংগতি সাধন না হওয়ার কারণে ভুল হিসাবভুক্তির বিষয়টি প্রতিয়মান হয়েছে। এ বিষয়ে যথাযথ নির্দেশনা প্রদানসহ নিয়মিত নিবিড় মনিটরিং করা এবং চূড়ান্ত হিসাব সংকলনের পূর্বেই নিয়মিতভাবে হিসাবের প্রয়োজনীয় সংশোধন করার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

(খ) **ব্যবস্থাপনা বিষয়ক তথ্য ঃ**

১. সার্বিকভাবে প্রতিরক্ষা বিভাগের বাজেট পরিকল্পনা, নিয়ন্ত্রণ এবং হিসাবরক্ষণে দুর্বলতা রয়েছে ; চূড়ান্ত মঞ্জুরীর অতিরিক্ত ব্যয়, বিশাল অংকের উদ্বৃত্ত অর্থের পরিমাণ প্রমাণ করে যে বাজেট প্রণয়নে বাস্তব ভিত্তিক এবং যৌক্তিকভাবে প্রাক্কলন সম্পন্ন করা হয় না এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সতর্কতার অভাব পরিলক্ষিত হয়েছে।

২. এসএফসি, এফসি এবং মাঠ পর্যায়ের হিসাব সংরক্ষণ অফিসে যথাযথভাবে বাজেট নিয়ন্ত্রণ, হিসাব সংকলন, তদারকি ও সমন্বয়ের অভাব লক্ষণীয়।

৩. একটি অফিস থেকে অন্য একটি অফিসে অর্থ স্থানান্তর ন্যস্ত করার ক্ষেত্রে সঠিকভাবে হিসাবভুক্ত ও সমন্বয় করা হয়নি।

(গ) **সুপারিশ ঃ**

১. সিজিডিএফ কার্যালয় থেকে শুরু করে মাঠ পর্যায়ের হিসাবরক্ষণ অফিস পর্যন্ত বাজেটের কপি সংরক্ষণ ও তদনুযায়ী ব্যয় নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করা আবশ্যক ।

২. নিয়মিত আন্তঃদপ্তর, ব্যাংক এবং হিসাব রক্ষণ অফিসের সাথে হিসাব Reconcile করা প্রয়োজন ।

৩. বাজেট পরিকল্পনা আরো বস্তুনিষ্ঠ হওয়া প্রয়োজন ।

৪. হিসাব প্রস্তুতি নির্ধারিত সময়ে হওয়া বাঞ্ছনীয়।

৫. বেসামরিক হিসাব সংরক্ষণে হিসাব মহা নিয়ন্ত্রক এবং তাঁর অধীনস্থ হিসাব সংরক্ষণ অফিসসমূহে অনুসৃত iBAS এর মত Automated Accounting System প্রতিরক্ষা বিভাগের হিসাব সংরক্ষণের ক্ষেত্রেও প্রয়োগ করার পরিকল্পনা নেয়া যেতে পারে।

৬. সংশোধিত চূড়ান্ত বাজেট বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয় আবশ্যিকভাবে বন্ধ করা প্রয়োজন।

৭. অব্যয়িত / উদ্বৃত্ত অর্থ আর্থিক বছরের নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে সমর্পণ করা প্রয়োজন।

৮. হিসাবের সংগতি সাধনে এবং বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নির্বাহে আর্থিক শৃংখলা বহাল রাখার স্বার্থে উপরে বর্ণিত বিষয়সমূহ সমন্বয় সভা বা টাস্ক ফোর্স গঠনপূর্বক নিয়মিতভাবে তদারকীর মাধ্যমে নিশ্চিত করা এবং আন্তঃ দপ্তর/আন্তঃ হিসাব রক্ষণ কার্যালয়ের সমন্বয়ের/যোগাযোগের মাধ্যমে সময়মত যথাযথ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

**(মোঃ গোলাম মোস্তফা)**
মহাপরিচালক
প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

*ঢাকা*

*তারিখ ঃ --------------------------* ***বঙ্গাব্দ***

*তারিখ ঃ --------------------------* ***খ্রিস্টাব্দ***

## ব্যাখ্যামূলক টীকা

রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত ব্যয়ের বিবরণীতে উল্লিখিত অর্থের সাথে ২০১৩ সালের ১লা জুলাই হতে ২০১৪ সালের ৩০শে জুন পর্যন্ত বিভিন্ন খাতে ব্যয়কৃত টাকার উপযোজন হিসাব ।

### টীকাসমূহ ঃ

**টীকা-১ ঃ-** (ক) উপযোজন হিসাবে নিম্নলিখিত সাংকেতিক শব্দ ব্যবহার করা হয়েছে ঃ

মূঃ-মূল মঞ্জুরী

সঃ-সম্পূরক বরাদ্দ

পুঃ-পুনঃ উপযোজন (উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাজেটে বরাদ্দকৃত টাকার পুনঃ বিন্যাস অর্থ্যাৎ পুনঃ উপযোজন, প্রত্যাহার অথবা সমর্পণ)।

(খ) মূল মঞ্জুরী/বরাদ্দের সংগে সম্পূরক মঞ্জুরী/বরাদ্দ যোগ করে তদসংগে পুনঃ উপযোজনকৃত অর্থ যোগ বা বিয়োগ করে চূড়ান্ত মঞ্জুরী বা বরাদ্দ নির্ধারণ করা হয় । কিন্তু প্রত্যাহৃত অথবা সমর্পিত অর্থ ব্যতীত চূড়ান্ত মঞ্জুরী হিসাবে প্রদর্শিত মোট অংক মূল মঞ্জুরী/বরাদ্দ ও সম্পূরক মঞ্জুরী/বরাদ্দের সমষ্টি । দায়যুক্ত ও অন্যান্য ব্যয় সংক্রান্ত প্রত্যেক অপারেটিং ইউনিটের অধীন অর্থনৈতিক কোড রেঞ্জের প্রত্যাহৃত ও সমর্পিত অর্থ বাজেট বরাদ্দের সাথে সমতা রক্ষার জন্য প্রযোজ্য ক্ষেত্রে উপযোজন হিসাবের শেষে 'মঞ্জুরী অথবা বরাদ্দের ভিতরে সমর্পণ বা প্রত্যাহার' নামক কলামে পৃথকভাবে প্রদর্শন করা হয় । অন্যান্য সাধারন অপারেটিং ইউনিটের অধীন অর্থনৈতিক কোড রেঞ্জের সাথে এর পার্থক্য বজায় রাখার জন্য এর পূর্বে কোন শব্দ সংকেত ব্যবহার করা হয় না ।

**টীকা-২ ঃ-** প্রত্যেক অপারেটিং ইউনিটের অধীন অর্থনৈতিক কোড রেঞ্জের নীচে দ্বিতীয় ও তৃতীয় ঘরে প্রদর্শিত যথাক্রমে চূড়ান্ত মঞ্জুরী ও প্রকৃত খরচের যে তারতম্য (অতিরিক্ত খরচ/উদ্বৃত্ত) হয় তা চতুর্থ ঘরে দেখানো হয়েছে এবং উক্ত তারতম্যের ব্যাখ্যা প্রত্যেক অপারেটিং ইউনিটের অধীন অর্থনৈতিক কোড রেঞ্জের নীচে প্রদান করা হয়েছে ।

**টীকা-৩ ঃ-** নিম্নলিখিত ক্ষেত্রে কোন ব্যাখ্যার প্রয়োজন হয় না ঃ

(ক) উদ্বৃত্ত চূড়ান্ত মঞ্জুরীর শতকরা ২ ভাগের কম হলে ।

(খ) অতিরিক্ত খরচ চূড়ান্ত মঞ্জুরীর শতকরা ১ ভাগের কম হলে ।

**টীকা-৪ ঃ-** এই সংকলন ব্যবহারকালে নিম্নলিখিত সাধারণ তথ্যাদি মনে রাখতে হবে ।

(১) বাংলাদেশে ১ লা জুলাই হতে ৩০ শে জুন পর্যন্ত আর্থিক বছর নির্ধারণ করা হয়েছে । কাজেই আর্থিক বছরের জন্য ২০১৩ সনের ১লা জুলাই হতে ২০১৪ সনের ৩০ শে জুন পর্যন্ত ধরা হয়েছে ।

(২) ১০০ হাজার = ১ লাখ

(৩) ১০০ লাখ = ১ কোটি

(৪) ১০ লাখ = ১ মিলিয়ন

(৫) ১ কোটি = ১০ মিলিয়ন